# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.৯৯.০০৩.২০- ৯৬০৩ তারিখঃ ১৪.০৩.২০২১ খ্রী।

**বিষয়:** ১৭ মার্চ ২০২১ থেকে ২৬ মার্চ ২০২১ পর্যন্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের অংশ হিসেবে ১০ দিনব্যাপী কর্মসূচি পালনের বিষয়ে মুজিববর্ষ উদ্‌যাপন প্রস্তুতি কমিটির সভার কার্যবিবরণী।

প্রধান অতিথিঃ জনাব মোঃ আব্দুর রশীদ খান
প্রধান প্রকৌশলী, এলজিইডি।

সভাপতি ঃ জনাব মোঃ আহসান হাবিব
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
(আইসিটি ও প্রকিউরমেন্ট)
এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

সভার স্থান ঃ সেমিনার কক্ষ, (লেভেল-৪), এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

সভার তারিখঃ ১১-০৩-২০২১খ্রিঃ
সভার সময়ঃ সকাল ১০.৩০ টা।

**সভা নং -০৬**

**সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ (সংযুক্তি-১)।**

সভার শুরুতে প্রধান অতিথি প্রধান প্রকৌশলী জনাব মোঃ আব্দুর রশীদ খান সভাপতিকে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের অংশ হিসেবে আগামী ১৭ই মার্চ-২০২১ইং হতে ২৬ মার্চ ২০২১ইং পর্যন্ত ১০ দিনব্যাপী অনুষ্ঠান আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য অনুরোধ জানান। সভাপতি জানান, গত ১০-০৩-২০২১ইং তারিখে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব এর সভাপতিত্বে অনলাইনে জাতিরপিতার জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ১৭ মার্চ থেকে ২৬ মার্চ ২০২১ পর্যন্ত ১০ দিন ব্যাপি অনুষ্ঠান আয়োজনের বিষয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচিত বিষয়ের আলোকে তিনি বিভিন্ন বিষয় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে আগামী ১৭ই মার্চ ২০২১ থেকে ২৬ মার্চ পর্যন্ত ১০ দিনব্যাপী কার্যক্রমের বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচনা ও সিদ্ধান্তঃ

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১ | ১৭ই মার্চ ২০২১ইং তারিখে জাতির পিতার জন্মশতবার্ষিকীর অনুষ্ঠান সম্পর্কিত। | ১৭ই মার্চ ২০২১ জাতির পিতার জন্মশতবার্ষিকীতে নিম্নলিখিত অনুষ্ঠান আয়োজনের প্রস্তাব করা হয়।<br>১। সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন।<br>২। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন।<br>৩। জাতির পিতার জীবনী ভিত্তিক আলোচনা অনুষ্ঠান।<br>৪। কেক কাটা।<br>৫। কোরআনখানী, দোয়া মাহফিল ও তবারক বিতরন। | বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১। ১৭ মার্চ ২০২১ সূর্যোদয়ের সাথে সাথে এলজিইডি সদর দপ্তর ও সারাদেশে এলজিইডি'র সকল কার্যলয়ে যথাযোগ্য মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলন। | শেখ নজরুল ও জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলী |
| | | | ২। এলজিইডির সদর দপ্তরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে সকাল ১০ ঘটিকায় এলজিইডি, সকাল ১০-৩০ ঘটিকায় এনআইএলজি এবং সকাল ১১-০০ ঘটিকায় ওয়াশার কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ কর্তৃক শ্রদ্ধা জ্ঞাপন। | শেখ নজরুল |
| | | | ৩। জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনীর ওপর আলোচনা অনুষ্ঠান আয়োজন। আলোচনার বিষয়বস্তু ও বক্তা নির্বাচনের জন্য জনাব মোঃ আহসান হাবিব, অতিক্তি প্রধান প্রকৌশলী(আইসিটি ও প্রকিউরমেন্ট), শেখ তাজুল ইসলাম তুহিন, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ এবং জনাব ফিরোজ আলম তালুকদার, নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট) এলজিইডি সদর দপ্তরকে দায়িত্ব প্রদান করা হয়। | অনুষ্ঠান আয়োজন উপ-কমিটি |
| | | | ৪। কামরুল ইসলাম সিদ্দিক মিলনায়তনে আলোচনা অনুষ্ঠানের পর বঙ্গবন্ধুর ১০১তম জন্মদিন উপলক্ষ্যে ১০১ পাউন্ড ওজনের কেক কাটা। | অনুষ্ঠান আয়োজন উপ-কমিটি |



৪/১

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | | ৫। এলজিইডি মসজিদে কোরআনখানী, যোহরের নামাজের পর দোয়া মাহফিল ও তবারক বিতরন। জেলা পর্যায়েও একইভাবে দোয়া মাহফিল আয়োজন। | হাফেজ আব্দুল জব্বার শেখ নজরুল, জেলা নির্বাহী প্রকৌশলী |
| ২ | বঙ্গবন্ধুর বাণী সম্বলিত ড্রপ-ডাউন, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে অফিস কম্পাউন্ড সজ্জিতকরণ ও পরিস্কার পরিচ্ছন্নতা। | এলজিইডির সদর দপ্তর ও মাঠ পর্যায়ের অফিস সমূহে বঙ্গবন্ধুর বাণী সম্বলিত ড্রপ-ডাউন, ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সুসজ্জিতকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে বিগত বছরের মতো এবারও এলজিইডির সদর দপ্তর ও মাঠ পর্যায়ের অফিস সমূহে বঙ্গবন্ধুর বাণী সম্বলিত ড্রপ-ডাউন, ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সকল অফিস কম্পাউন্ড সুসজ্জিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অনুষ্ঠান আয়োজন উপ-কমিটি ও জেলা নির্বাহী প্রকৌশলী |
| ৩ | অফিস কম্পাউন্ডে রাতে আলোকসজ্জা। | এলজিইডি সদর দপ্তর ও মাঠ পর্যায়ে অফিসসমূহে ১৭ মার্চ থেকে ২৬ মার্চ পর্যন্ত আলোক সজ্জার বিষয়ে আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে এলজিইডি সদর দপ্তর ও মাঠ পর্যায়ের অফিসসমূহে আগামী ১৭ মার্চ থেকে ২৪ মার্চ এবং ২৬ মার্চ আলোক সজ্জা ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে ২৫ মার্চ রাতে আলোক সজ্জার বাতি জ্বালানো অবশ্যই বন্ধ রাখতে হবে। | শেখ নজরুল ও জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলী |
| ৪ | জাতির পিতার জন্মশতবার্ষিকিতে কেন্দ্রীয়পর্যায়ে নাচ, গান ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন। | কেন্দ্রীয়ভাবে এলজিইডি সদর দপ্তরে নাচ, গান ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতার বিষয়ে আলোচনা করা হয়। | কেন্দ্রীয়ভাবে এলজিইডি সদর দপ্তরে নাচ, গান ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতার বিষয়ে প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমতি গ্রহণ সাপেক্ষে অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | অনুষ্ঠান আয়োজন উপ-কমিটি |
| ৫ | স্বাধীনতার সূবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ২৬শে মার্চ-২০২১ইং তারিখে সাংস্কৃতিক অনুষ্ঠান। | ২৬শে মার্চ-২০২১ইং তারিখে সদর দপ্তরে সাংস্কৃতিক অনুষ্ঠানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে এলজিইডি সদর দপ্তরে এলজিইডির কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন এবং এ বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা পেলে সে মোতাবেক অনুষ্ঠান আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অনুষ্ঠান আয়োজন উপ-কমিটি |

১৪/৩/২০২১

**(আহসান হাবিব)**
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
(আইসিটি, প্রকিউরমেন্ট)
ও
সভাপতি
এলজিইডি বঙ্গবন্ধু'র জন্মশতবার্ষিকী উদযাপন প্রস্তুতি কমিটি

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১) সভাপতি এবং সদস্য (সকল), এলজিইডি'তে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন প্রস্তুতি কমিটি।
২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী---------------------------------------------------, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সকল)-----------------------------------------------, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) ------------------------------------------------, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৫) নির্বাহী প্রকৌশলী(সকল), এলজিইডি, জেলা: ----------------------------------------------------------------------।
৬) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা:---------------------------------------, জেলা: --------------------।